## নেত্রীর সঙ্গে সহমত হয়ে তৃণমূল নেতারা জানালেন

# ‘বাংলায় একা লড়ব, বিজেপিকে হারাব’

দীপঙ্কর নন্দী

[illegible]

## ব্যাঙ্ক প্রতারণা, ধৃত

[illegible]

পিতা-মাতা / অভিভাবকের অনুসন্ধানের জন্য বিজ্ঞপ্তি



শিশুটির বিবরণ

[illegible]

CA-04/03/23/2023

পিতা-মাতা / অভিভাবকের অনুসন্ধানের জন্য বিজ্ঞপ্তি



শিশুটির বিবরণ

[illegible]

CA-04/04/23/2023

# অ্যাসিড আক্রান্তদের পাশে রাজ্যপাল

আজকালের প্রতিবেদন

[illegible]



অ্যাসিড আক্রান্ত মহিলাদের সঙ্গে রাজ্যপাল ড. সি ভি আনন্দ বোস। রাজভবনে, শনিবার। ছবি: রাজভবনের সৌজন্যে

আল-আমীন মিশন

খলতপুর, হাওড়া

আবাসিক/ অনাবাসিক শিক্ষক-শিক্ষিকা চাই

[illegible]

আল-আমীন মিশন

[illegible]

ডিএইচএসএর লোগো ব্যবহারের জন্য আগ্রহের প্রকাশ

[illegible]

director.dhs@gmail.com

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

# ভবঘুরেদের ভোটার কার্ড, বিশেষ ভাবনা পুরসভার

আজকালের প্রতিবেদন

[illegible]

## ফেন্সিডিল-সহ গ্রেপ্তার ১

আজকালের প্রতিবেদন

[illegible]

SBI আরএসিপিসি কলকাতা বিজ্ঞপ্তি

[illegible]

SBI আরএসিপিসি কলকাতা বিজ্ঞপ্তি

[illegible]

রামকৃষ্ণ ফোর্জিংস লিমিটেড

পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি এবং ই-ভোটিং তথ্য

[illegible]

# পুরসভার ডাম্পারের চাকায় পিষ্ট মহিলা

আজকালের প্রতিবেদন

[illegible]

## লক্ষ্যে পৌঁছনোর প্রতিশ্রুতি ইন্ডিয়ান অয়েলের




[illegible]

Bank of Baroda খাগড়া ব্রাঞ্চ

(রুল ৮ (১)) দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

[illegible]

স্থাবর সম্পত্তির বিবরণ

[illegible]

## এমপ্লয়িজ স্টেট ইন্স্যুরেন্স কর্পোরেশনের প্রতিষ্ঠা দিবস পালিত



[illegible]

# নার্সের রহস্যমৃত্যু

আজকালের প্রতিবেদন

[illegible]

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank

বর্ধমান ব্রাঞ্চ

ই-নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV-A (রুল ৮(৬)) এর সংস্থানসমূহ দ্রষ্টব্য

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

[illegible]

ওডিএসও সুস্মিতা ত্রিপাঠী এবং জিএম (সিসি) ইআর কৃষ্ণেন্দু চৌধুরি। শ্রী নিমজে আরও জানান, আগামী অর্থবর্ষে ৯৯২৬ কোটি টাকা অর্থমূল্যের বিভিন্ন প্রকল্প চালু করবে ইন্ডিয়ান অয়েল। ২০৪৬ সালের মধ্যে বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে কীভাবে ধাপে ধাপে বায়ুদূষণ কমিয়ে সংস্থা 'নেট জিরো' লক্ষ্যমাত্রায় পৌঁছবে, তাও তিনি ব্যাখ্যা করেন।

# এমপ্লয়িজ স্টেট ইন্স্যুরেন্স কর্পোরেশনের প্রতিষ্ঠা দিবস পালিত



শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের একটি প্রধান সামাজিক নিরাপত্তা সংস্থা এমপ্লয়িজ স্টেট ইন্স্যুরেন্স কর্পোরেশন সংগঠিত খাতের কর্মচারীদের কল্যাণ ও সামাজিক নিরাপত্তার জন্য কাজ করে। এটি ২৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে তার ৭২তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করে। এই শুভ অনুষ্ঠানকে স্মরণীয় করে রাখতে ব্যারাকপুরের সাব-রিজিওনাল অফিস দমদম শাখা অফিস প্রাঙ্গণে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে। বিশেষ জনসংযোগ কর্মসূচি ছাড়াও, নিয়োগকর্তা এবং কর্মচারীদের ইএসআইসি প্রকল্পের সুবিধা গুলি সম্পর্কে তাদের অভিযোগ এবং সচেতনতার জন্য এবং বীমাকৃতদের মেডিকেল পরীক্ষার মতো বিশেষ প্রচারাভিযান সম্পর্কে তাদের সাথে একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছিল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপ-পরিচালক (হিতলভ) শ্রী ডি বড়ুয়া এবং ইএসআইসি এসআরও ব্যারাকপুরের জনসংযোগ কর্মকর্তা শ্রী অমিত ব্যানার্জি, ইএসআই এমবি স্কিমের ডঃ নাসরিন, ট্রেড ইউনিয়ন নেতা শ্রীকুমার ব্যানার্জি প্রমুখ। এই উপলক্ষে অতিরিক্ত কমিশনার এবং আঞ্চলিক পরিচালক শ্রী অক্ষয় কালা সমস্ত নিয়োগকর্তা এবং বীমাকৃতদের অভিনন্দন জানান। এ সময় শাখা অফিসের শাখা কর্মকর্তা পরীক্ষিত ঘোষ সহ শাখার অন্যান্য কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।